# সেরা কয়েকটি পাসওয়ার্ড ম্যানেজার

তাসনীম মাহ্‌মুদ

যদি আপনি নতুন  নতুন অ্যাপ এবং অনলাইন সার্ভিসের কথা চিন্তা করে থাকেন, তাহলে স্বাভাবিকভাবে ওইসব অ্যাপ এবং সার্ভিসের অ্যাক্সেসের জন্য আপনাকে বর্ধিত হারে অ্যাকিউমুলেট করতে হতে পারে পাসওয়ার্ডের বিশাল লিস্ট। প্রতিদিন লগইনের সময় পাসওয়ার্ড ব্যবহার করতে হয়। কিন্তু সব লগইন পাসওয়ার্ড মনে রাখা বেশ কঠিন। তাই অনেকেই পাসওয়ার্ড মনে রাখার ঝামেলো এড়ানোর জন্যই সব ক্ষেত্রে একই পাসওয়ার্ড বারবার ব্যবহার করে থাকেন। তবে এটি সম্ভবত সবচেয়ে বাজে ধারণার একটি। একই পাসওয়ার্ড বারবার ব্যবহার করার অর্থ অনিরাপদ পাসওয়ার্ড ব্যবহার করা। এমনকি ইন্টারনেট ব্যবহারকারীরাও ব্যাপক-বিস্তৃত প্রাইভেসিসংশ্লিষ্ট মিথ এবং ভুল ধারণার শিকার। মনে রাখার সুবিধার্থে জনপ্রিয় কয়েকটি পাসওয়ার্ডের (‘123456’, ‘password’, ‘qwerty’) উদাহরণ দেয়া হলো। এ ধরনের পাসওয়ার্ড খুবই দুর্বল প্রকৃতির হওয়ায় ব্যবহার করা খুবই ঝুঁকিপূর্ণ এবং ব্যবহারকারীরা খুব সহজেই হ্যাকারের শিকারে পরিণত হন। তাই এ ধরনের ঠুনকো পাসওয়ার্ড ব্যবহারের ক্ষেত্রে ব্যবহারকারীদেরকে অবশ্যই বেশ সচেতন হতে হবে তাদের প্রাইভেসি রক্ষার ব্যাপারে। এ ক্ষেত্রে অন্যতম সেরা উপায় হলো পাসওয়ার্ড ম্যানেজার ব্যবহার করা।

পাসওয়ার্ড ম্যানেজার আপনাকে সহায়তা করবে শক্তিশালী, অনুমেয় বা অনুমান করা যায় না এমন পাসওয়ার্ড তৈরি করার ক্ষেত্রে, যা আপনার ব্যবহার করা প্রতিটি সাইট বা সার্ভিসের জন্য ইউনিক এবং লগইন করার জন্য মনে রাখতে তেমন বেগও পেতে হয় না।

## পাসওয়ার্ড ম্যানেজার কী?

সহজ কথায় বলা যায়, পাসওয়ার্ড ম্যানেজার হলো একটি সফটওয়্যারের অংশবিশেষ, যা জেনারেট করে একটি শক্তিশালী পাসওয়ার্ড, ওইসব পাসওয়ার্ড স্টোর করে এবং আপনার মনে রাখার সুবিধার্থে পাসওয়ার্ডের সংখ্যা কমিয়ে একটিতে নিয়ে আসে। পাসওয়ার্ড ম্যানেজার আনলক করার জন্য আপনার দরকার একটি। পাসওয়ার্ড ম্যানেজার ব্যবহার করা শুধু সুবিধাজনকই নয়, বরং বিবেচনা করা যায় ‘good online hygiene’-এর একটি অখণ্ড অংশ। যেহেতু পাসওয়ার্ড ম্যানেজার আপনার জন্য জেনারেট এবং সেভ করে নিরাপদ তথা সিকিউর পাসওয়ার্ড। তাই পাসওয়ার্ড সম্পর্কে আপনাকে যে বিষয়ে সচেতন থাকতে হবে, তা হলো– পাসওয়ার্ড ম্যানেজারের আনলক অ্যাক্সেসের ব্যাপারে। সবসময় নিরাপদ এবং শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করার বিষয়টি আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে।


দি নিউইয়র্ক টাইমসের J.D. Biersdorfer-এর রিপোর্ট অনুযায়ী বেশিরভাগ পাসওয়ার্ড ম্যানেজার প্রায় একইভাবে কাজ করে থাকে। পাসওয়ার্ড ম্যানেজার আপনাকে প্রম্পট করবে প্রোগ্রামের জন্য একটি মাস্টার পাসওয়ার্ড তৈরি করতে এবং অনলাইনে আপনার ব্যবহার করা বিভিন্ন অ্যাকাউন্টের  ডাটাবেজের জন্য ইউজার নেম এবং পাসওয়ার্ড যুক্ত করতে। সেটআপ প্রসেসের সময় আপনার সব লগইন খুঁজে পেতে এবং ডাটাবেজে যুক্ত করতে কিছু কিছু প্রোগ্রাম আপনাকে সহায়তা করবে। এর ফলে পরবর্তী সময় যখন আপনি একটি সাইটে ভিজিট করবেন, তখন এই লগইন তথ্য আপনার দরকার হবে। এ সময় আপনার মাস্টার পাসওয়ার্ড এন্টার করলে প্রোগ্রামের ডাটাবেজে খুঁজে দেখবে এবং সঠিক ইউজারনেম এবং পাসওয়ার্ড পূর্ণ করবে লগইন করার জন্য।

## কোন পাসওয়ার্ড ম্যানেজার ব্যবহার করা উচিত?

যদি একবার পাসওয়ার্ড ম্যানেজার ব্যবহারে আগ্রহী হন, তাহলে আপনার প্রথম কাজ হবে বিভিন্ন পাসওয়ার্ড ম্যানেজারের অপশনগুলো ভালো করে জেনে নিয়ে কোনটি আপনার জন্য উপযোগী তা নির্ধারণ করে ব্যবহার করা। বর্তমানে প্রচুর পাসওয়ার্ড ম্যানেজার রয়েছে, যার বেশিরভাগই অনলাইন কার্যকলাপকে খুব সহজেই চমৎকারভাবে নিয়ন্ত্রণ করতে পারে। নিচে কয়েকটি সেরা পাসওয়ার্ড ম্যানেজারের বৈশিষ্ট্য তুলে ধরা হয়েছে।

## লাস্টপাস

লাস্টপাস (LastPass) হলো এমন একটি সুবিধাজনক পাসওয়ার্ড ম্যানেজার, যা আপনার সব লগইন তথ্য নিরাপদ রাখে কোনো ধরনের মনে রাখার ঝামেলা ছাড়াই। লাস্টপাস ক্রোম, ফায়ারফক্স, ইন্টারনেট এক্সপ্লোরার, সাফারিসহ ব্রাউজারের সাথে সমন্বিত হয়ে কাজ করতে পারে। লাস্টপাস একটি জনপ্রিয় ফ্রি অপশন। পাসওয়ার্ড ম্যানেজার লাস্টপাস আপনার কমপিউটার এবং অ্যান্ড্রয়িড অথবা আইওএস উভয় ডিভাইসে কাজ করতে পারে। যদি আপনার ডেস্কটপ এবং মোবাইল ডিভাইসের মধ্যে পাসওয়ার্ড সিঙ্ক করতে চান, তাহলে প্রতি মাসে ১ ডলার করে অর্থ খরচ করতে হবে। লাস্টপাস স্বয়ংক্রিয়ভাবে আপনার ভিজিট করা সাইটের পাসওয়ার্ডের জায়গা করে নেবে এবং যেখানে থাকবে একটি পাসওয়ার্ড জেনারেটর।



*লাস্টপাসের মূল ইন্টারফেস*

এটি তৈরি করবে একটি শক্তিশালী পাসওয়ার্ড, যা আপনার জন্য মনে রাখবে। এটি আপনার স্টোর করা পাসওয়ার্ড পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করবে এবং কোনো ডুপ্লিকেট খুঁজে পেলে আপনাকে জানিয়ে দেবে অথবা পুরনো পাসওয়ার্ড পরিবর্তনের সময় হয়ে এলে তা নির্ধারণ করবে। লক্ষণীয়, পাসওয়ার্ড ম্যানেজার লাস্টপাস ২০১৫ সালে হ্যাক হয়। যদিও কোম্পানি খুব দ্রুত কার্যকর ব্যবস্থা নেয়ায় বেশিরভাগ ইউজারই সুরক্ষিত ছিলেন।

## ড্যাশলেন

ড্যাশলেন (Dashlane) হলো ডেস্কটপ এবং মোবাইল ডিভাইসের জন্য আরেকটি ফ্রি পাসওয়ার্ড ম্যানেজার। ড্যাশলেন পাসওয়ার্ড ম্যানেজার পাসওয়ার্ডকে সবসময় ট্র্যাক করে এবং প্রথম থেকেই সেগুলো নিরাপদ রাখে। এ টুল স্বয়ংক্রিয়ভাবে পাসওয়ার্ড ক্রোম অথবা কোনো ব্রাউজার থেকে আপনার নিরাপদ পাসওয়ার্ড



*ড্যাশলেনের মূল ইন্টারফেস*

ভোল্টে ইম্পোর্ট করে। সেভ করে যেকোনো মিশিং পাসওয়ার্ড আপনার ব্রাউজার হিসেবে। আপনার ব্রাউজারের মধ্যেই সৃষ্টি করে নতুন পাসওয়ার্ড। যখন ওয়েবসাইটে ফাটল ধরা পড়ে, তখন স্বয়ং ড্যাশলেন শক্তিশালী পাসওয়ার্ড তৈরি করার পাশাপাশি সেগুলো সেভ করে, অনলাইন ফরম অটোফিল করার সাথে সাথে আপনার পার্সোনাল তথ্য সেভ করে। আপনি ফ্রিতে মাল্টিপল ডিভাইসে ড্যাশলেন পাসওয়ার্ড ম্যানেজারকে ইনস্টল করতে পারবেন। ওইসব ডিভাইসজুড়ে ডাটাকে যদি সিঙ্ক করতে চান, তাহলে প্রতিমাসে আপনাকে ৩ ডলার করে দিতে হবে। ড্যাশলেনকে পছন্দ করার আরেকটি কারণ হলো এর ডিজিটাল ওয়ালেট ফিচার, যা খুব সহজেই আপনার ব্যাংক অ্যাকাউন্ট তথ্য স্টোর করে। তবে নিরাপদ রাখে অনলাইন শপিং এবং এনাবল করে আপনার কেনা পণ্যের রসিদ ক্যাপচার ও সেভ করে। লক্ষণীয়, ড্যাশলেন মাস্টার পাসওয়ার্ড বা পাসওয়ার্ড হিন্টস স্টোর

করে না, যা ভলনিয়ারিবিলিটির বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলে, যা লাস্টপাসের সারফেস হিসেবে কাজ করে।

## কীপাসএক্স

কীপাসএক্স (KeePassX) হলো ব্যবহারকারীরদের জন্য এমন এক অ্যাপ্লিকেশন, যার নিরাপদ পার্সোনাল ডাটা ম্যানেজমেন্টের চাহিদা অনেক বেশি। এর ইন্টারফেসটি বেশ সহজ এবং ক্রশ প্লাটফরমভিত্তিক, যা পাবলিশ করা হয় GNU General Public License-এর অন্তর্গত। এটি একটি ওপেনসোর্স পাসওয়ার্ড ম্যানেজার, যা ব্যবহারকারীদের মনে বেশ স্বস্তি দেবে। কেননা, এর সোর্স কোড উন্মুক্ত করে দেয় স্বাধীন গবেষকদের জন্য, যাতে তারা পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে দেখতে পারেন।

কীপাসএক্স একটি সিঙ্গেল ডাটাবেজে সেভ করে বিভিন্ন ধরনের তথ্য। যেমন– ইউজার নেম, পাসওয়ার্ড, ইউআরএল, অ্যাটাচমেন্ট এবং কমেন্ডস ইত্যাদি। কীপাসএক্স আপনার স্মার্টফোনের জন্য বেশ কিছু ফ্রি পাসওয়ার্ড



*কীপাসএক্সের ইন্টারফেস*

অ্যাপের সাথে কম্প্যাটিবল। আপনার পাসওয়ার্ডকে ডিভাইসজুড়ে সিঙ্ক করার চিন্তা যদি থাকে, তাহলে আপনাকে ক্লাউড স্টোরেজ সার্ভিস যেমন– গুগল ড্রাইভ বা ড্রপবক্সে অ্যানক্রিপ্ট করা পাসওয়ার্ড ফাইলকে আপলোড করা দরকার হবে। সিকিউরিটি প্রফেশনালেরা সাধারণত কীপাসএক্সকে রিকোমেন্ড করে থাকেন। যদিও এটি অন্যান্য পাসওয়ার্ড ম্যানেজারের মতো তেমন ইউজার-ফ্রেন্ডলি নয়। তবে এটি জেনারেট করে শক্তিশালী পাসওয়ার্ড এবং নিয়মিতভাবে আপডেট হয়। এর পাসওয়ার্ড জেনারেটর খুবই কাস্টোমাইজযোগ্য।

কীপাসএক্সকে লিনআক্সের জন্য বলা হয় KeePass/L। যেহেতু এটি ছিল উইন্ডোজ পাসওয়ার্ড ম্যানেজার Keepass Password Safe-এর একটি পোর্ট। KeePass/L একটি ক্রশ প্লাটফরম অ্যাপ্লিকেশনে পরিণত হওয়ার পর এর নাম করা হয় কীপাসএক্স হিসেবে।

## স্টিকি পাসওয়ার্ড

স্টিকি পাসওয়ার্ড (Sticky Password) অনেকটা লাস্টপাস এবং ড্যাশলেন পাসওয়ার্ড ম্যানেজারের মতো হওয়ায় আপনি ফ্রিতে মাল্টিপল ডিভাইসে ব্যবহার করতে পারবেন। তবে ক্লাউডে সিঙ্ক করতে চাইলে আপনাকে সাবস্ক্রিপশন ফি বাবদ কিছু অর্থ দিতে হবে। এটি অন্যান্য অপশনের মতো নয়। স্টিকি



*স্টিকি পাসওয়ার্ড ম্যানেজারের ইন্টারফেস*

পাসওয়ার্ড পিসি, ম্যাক, অ্যান্ড্রয়িড/আইওএস ট্যাবলেট এবং স্মার্টফোনে কাজ করতে পারে। এর ব্রাউজারটি চমৎকার, যা সাপোর্ট করে ৪ প্রধান প্লাটফরমে ১৬। এটি বায়োমেট্রিক কনফারমেশন সেটআপের জন্য এনাবল। স্মার্টফোনে আপনার আইডেন্টিটি অথেন্টিকেশনের জন্য আঙ্গুলের ছাপ ব্যবহার করতে পারেন। যদি আপনি প্রতি বছরের জন্য সাবস্ক্রিপশন ফি বাবদ ২০ ডলার খরচ করতে চান বায়োমেট্রি অথেন্টিকেশনের সক্রিয় করার উদ্দেশ্যে, তাহলে আপনি ডিভাইসজুড়ে ওয়াইফাই সিঙ্ক করতে পারবেন, যাতে অ্যানক্রিপ্ট করা ডাটা আপনার ডিভাইসকে ত্যাগ করবে না এবং ক্লাউডের মাধ্যমেও সেন্ড করার দরকার হবে না। যদি আপনি ক্লাউডে পাসওয়ার্ড রাখতে আস্থা রাখেন, যদি আপনি ডিভাইসগুলোকে হারিয়ে ফেলেন, তাহলে স্টিকি পাসওয়ার্ড হতে পারে আপনার অনলাইনে অ্যানক্রিপ্ট করা ব্যাকআপ ডাটাবেজের হোস্ট। একটি পাসওয়ার্ড ম্যানেজার ব্যবহার করার মাধ্যমে পাসওয়ার্ডের লিস্টকে মনে রাখা ছাড়া বিভিন্ন বিষয় মনে রাখার জন্য আপনি ব্রেনকে ফ্রি রাখতে পারবেন। আপনি জেনারেট করতে পারবেন শক্তিশালী পাসওয়ার্ড। যদি আপনি ব্রাউজারভিত্তিক পাসওয়ার্ড ম্যানেজার ব্যবহার করেন, তবে তা ক্রোম, ফায়ারফক্স এবং অন্যান্য ওয়েব ব্রাউজারের সাথে ইন্টিগ্রেটেড।

## ওয়ানপাসওয়ার্ড

ওয়ানপাসওয়ার্ড (1Password) কম্বাইন করে লাস্টপাস ম্যানেজমেন্টের সেরা ফিচারের সাথে ড্যাশলেনের চমৎকার লুক। যেহেতু ড্যাশলেন সহযোগে আপনাকে অবশ্যই ডাউনলোড করতে হবে ডেস্কটপ অ্যাপ, তবে আপনার ব্রাউজারে যথাযথ এক্সটেনশনসহ ইন্টিগ্রেড করতে পারেন ওয়ানপাসওয়ার্ড। ডেস্কটপ অ্যাপ আরও ইনস্টল করে ওয়ানপাসওয়ার্ড মিনি (1Password Mini), যা আপনার সিস্টেম ট্রে (উইন্ডোজ) বা মেনু বার (ম্যাক ওএস) থেকে সব অ্যাপের ফিচারে দ্রুত অ্যাক্সেস সুবিধা আপনাকে দেবে।

এখানে পাবেন অটো-সেভ এবং ফিল, পাসওয়ার্ড অডিট, দুই-ফ্যাক্টর অথেনটিকেশন এবং শক্তিশালী পাসওয়ার্ড জেনারেটরসহ প্রয়োজনীয় সব টুল। পাসওয়ার্ডের জন্য চাই মনে রাখা। ওয়ানপাসওয়ার্ড অবিরতভাবে জেনারেট করা ওয়ার্ডের বাইরে পাসওয়ার্ড তৈরি করতে পারে।

ওয়ানপাসওয়ার্ডের ওয়াচটাওয়ার সার্ভিস মনিটর করে আপনার সাইটের অবিরত নিরাপত্তা বিচ্যুতি। ওয়ানপাসওয়ার্ডের ওয়াচটাওয়ার সার্ভিস বিশেষ ধরনের এক চমৎকার ফিচার, যা মনিটর করে সাইট এবং সার্ভিস, যার জন্য রয়েছে আপনার অ্যাকাউন্ট এবং অ্যালার্ট যেকোনো ধরনের নিরাপত্তাজনিত বিচ্যুতির জন্য। ওয়ানপাসওয়ার্ড আরও সম্পৃক্ত করে ক্রেডিট কার্ড নিরাপদে স্টোর করার জন্য ডিজিটাল ওয়ালেট, ব্যাংক অ্যাকাউন্ট ইনফো, সোশ্যাল সিকিউরিটি নাম্বার এবং অন্যান্য সংবেদনশীল ডাটা। ওয়ানপাসওয়ার্ড ফ্রি ডাউনলোড করা যায় এবং ব্যবহার করা যায় ৩০ দিন।



*ওয়ানপাসওয়ার্ড ম্যানেজারের মূল ইন্টারফেস*

## ট্রু কী

যেকোনো ধরনের পাসওয়ার্ড ম্যানেজারের সবচেয়ে বড় ড্রব্যাক হলো মাস্টার পাসওয়ার্ডকে অবশ্যই মনে রাখতে হবে। যদি আপনি তা ভুলে যান, তাহলে অন্যান্য ক্ষেত্রে অ্যাক্সে হারিয়ে ফেলবেন। আপনার ইউনিক মনে হয় এমন কিছু ব্যবহার করে একটি অ্যাপে, যা লগ করার মাধ্যমে আপনি দূর করতে পারবেন। আপনার ব্যবহৃত ডিভাইসের ওপর ভিত্তি করে হতে পারে তা আপনার ফিঙ্গারপ্রিন্ট তথা আঙ্গুলের ছাপ, আপনার ফেস বা একটি দ্বিতীয় ডিভাইস।

ট্রু কী আপনার ডিভাইসের ওপর ভিত্তি করে অফার করে বিভিন্ন ধরনের অথেন্টিকেশন প্রক্রিয়া। ট্রু কী-তে সাইন করার পর এটি অনেকটাই অন্যান্য পাসওয়ার্ড ম্যানেজারের মতোই অপারেট করে। একটি কাস্টোমাইজেবল লাঞ্চ প্যাড থেকে আপনার সব লগইনে অ্যাক্সে করতে পারবেন। একটি লিস্টে বা আইকন হিসেবে ওয়েবসাইটে ডিসপ্লে করা যায়। একটি আইটেমে ক্লিক করলে আপনাকে নিয়ে যাবে ওই সাইটের লগইন পেজে এবং ক্রেডেন্সিয়ালব্যাপী থাকবে। যদি আপনি একটি নতুন অ্যাকাউন্ট তৈরি করেন, তাহলে ট্রু কী'র পাসওয়ার্ড জেনেরেটর আপনাকে সহায়তা করবে সম্ভাব্য সবচেয়ে শক্তিশালী পাসওয়ার্ড তৈরি করার ক্ষেত্রে।

ওয়ানপাসওয়ার্ডের মতো ট্রু কী-তে সম্পৃক্ত রয়েছে একটি ডিজিটাল ওয়ালেট। এখানে আপনি স্টোর করতে পারবেন অ্যাড্রেস, ক্রেডিট কার্ড, ড্রাইভারের লাইসেন্স, মেম্বারশিপ, পাসপোর্ট এবং সোশ্যাল সিকিউরিটি নাম্বার। একটি সেফ নোট ভোল্ট নিরাপদে স্টোর করে আপনার স্টোর করা যেকোনো টেক্সট ডাটা। ট্রু কী ফ্রি ডাউনলোড করতে পারবেন এবং ব্যবহার করা যায় ১৫টি নতুন লগইন কজ

***ফিডব্যাক: mahmood_sw@yahoo.com***